

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
নরসিংদী টেকনিক্যাল স্কুল ও কলেজ
রায়পুরা, নরসিংদী।

Website : www.narsingditsc.gov.bd

সভাপতি : প্রকৌঃ মোঃ মাহবুব হায়দার
অধ্যক্ষ, নরসিংদী টেকনিক্যাল স্কুল ও কলেজ, রায়পুরা, নরসিংদী।
স্থান : অধ্যক্ষ মহোদয়ের কক্ষ।
তারিখ : ২৮/০৯/২০১৭ খ্রিঃ।
সময় : বেলা ১২.০০ ঘটিকা।


সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক' এ দ্রষ্টব্য

অধ্যক্ষ মহোদয় মহান আল্লাহ পাকের নামে নির্ধারিত সময়ে সভা আরম্ভ করে শুদ্ধাচার বিষয়সমূহের কর্মপরিকল্পনা তুলে ধরে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন। কর্মকর্তা, শিক্ষক-কর্মচারীদের হাজিরা নিশ্চিত করণে বায়োমেট্রিক ডিভাইস স্থাপন করায় উপস্থিত সকলে অধ্যক্ষ মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন। এতে প্রতিষ্ঠানে উপস্থিত থাকার বিষয়ে সকলে আরো মনোযোগী হবে এবং একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম আরও গতিশীল হবে বলে সভায় মত প্রকাশ করেন। বায়োমেট্রিক এ্যাটেনডেন্স রেজিস্টারের সাথে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ ও ইন্টারনেট ব্যবস্থা নিশ্চিত করার জন্য জেনারেটরের পাশাপাশি একটি আইপিএস স্থাপনের জন্য সকলে পরামর্শ দেন। এছাড়া, সুষ্ঠু, সুন্দর নকল মুক্ত পরিবেশে পরীক্ষা সমূহ নিশ্চিত করা, ইপটিজিং বন্ধ, বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের প্রতি বিশেষ নজর দেয়া, প্রাইভেট পড়ানোর ক্ষেত্রে শিক্ষার্থীদের নিরুৎসাহিত করার লক্ষে প্রতি শ্রেণীতে প্রতিমাসে নূন্যতম একবার আলোচনা করার কথা সভায় বলা হয়।

সিদ্ধান্ত সমূহ

- ১। ২০১৭-১৮ অর্থ বছরে বাজেট বরাদ্দ সাপেক্ষে একটি আইপিএস ট্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।
- ২। সুষ্ঠু, সুন্দর নকল মুক্ত পরিবেশে পরীক্ষা সমূহ নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৩। ইপটিজিং বন্ধে ক্লাসে সচেতনতামূলক আলোচনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৪। বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের প্রতিষ্ঠানে ভর্তিসহ তাদের সাথে ভাল আচরণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৫। প্রতি শ্রেণীতে প্রতিমাসে নূন্যতম একবার আলোচনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৬। ডিসেম্বর, ২০১৭-এর শেষ সপ্তাহে পরবর্তী সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে এবং গৃহীত কর্মসূচীর যথাযথ বাস্তবায়নে সার্বিক সহযোগিতা প্রদানের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(প্রকৌঃ মোঃ মাহবুব হায়দার)
অধ্যক্ষ

স্মারক নং- টিএসসি/নর/ নোটিশ-১৯/৩৯৬০(৫)

তারিখঃ ২৮/০৯/২০১৭খ্রিঃ।

সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ/৪-বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা।
- ২। পরিচালক (প্রশাসন/ভোকেশনাল), এফ/৪-বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা, রায়পুরা, নরসিংদী।
- ৪। জনাব
- ৫। সংরক্ষণ নথি।


(প্রকৌঃ মোঃ মাহবুব হায়দার)
অধ্যক্ষ

Email : narsingditsc@gmail.com

